খুলনায় সরকারি কলেজ মসজিদের ইমাম-মুয়াজ্জিনদের মানববন্ধন

চাকুরী জাতীয় করণের দাবীতে খুলনায় সরকারি কলেজ মসজিদে নিয়োজিত ইমাম মুয়াজ্জিনদের মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।
মঙ্গলবার বেলা ১১টায় মহানগরীর পিকচার প্যালেস মোড়ে সরকারি কলেজ মসজিদে নিয়োজিত ইমাম-মুয়াজ্জিন ঐক্য পরিষদ খুলনা বিভাগীয় কমিটির উদ্যোগে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।
এতে সভাপতিত্ব করেন সরকারি কলেজ মসজিদে নিয়োজিত ইমাম-মুয়াজ্জিন ঐক্য পরিষদ খুলনা বিভাগীয় কমিটির সভাপতি সরকারি বিএল কলেজের খতিব মুফতী মাওলানা মাহমুদুল হাসান।
মানববন্ধনে বক্তারা বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কর্মকর্তা- কর্মচারীরা সরকারি স্কেলে বেতন-ভাতা-বোনাস পেয়ে থাকেন। কিন্তু পরিতাপের বিষয় যোগ্যতা ও দক্ষতা থাকা সত্ত্বেও সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত ইমাম ও মুয়াজ্জিনরা সরকারি সুযোগ-সুবিধা থেকে সম্পূর্ণ বঞ্চিত। সমাজের সর্বশ্রদ্ধেয় ইমাম-মুয়াজ্জিনগণ যোগ্যতা, দক্ষতা ও চারিত্রিক মানদন্ডে প্রথম শ্রেণির হলেও কর্মক্ষেত্রে তারা ৪র্থ শ্রেণির মূল্যায়ন পাচ্ছেন না। মুসলিম জাতি হিসেবে যা খুবই লজ্জাজনক। তাই অবিলম্বে সরকারি কলেজ, টিচার্স ট্রেনিং কলেজ, কারিগরি কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজসহ সকল সরকারি প্রতিষ্ঠানের মসজিদে জনবল নিয়োগ-বিয়োগ নীতিমালা তথা মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা ২০০৬ এর আলোকে সময়োপযোগী একটি নীতিমালা প্রণয়ন করে ইমাম-মুয়াজ্জিনদের চাকুরি জাতীয়করণ করা হোক।
মানবন্ধনের সভাপতি মুফতী মাওলানা মাহমুদুল হাসান বলেন, খুলনা বিভাগে ৩৫টি সরকারি কলেজ মসজিদে নিয়োজিত প্রায় ৮০ জন ইমাম মুয়াজ্জিন ও খাদেমে বেতন কোনো স্কেলে পরিশোধ করা হয় না। নেই কোন সুনির্দিষ্ট নীতি মালা। ফলে তারা মানবেতন জীবন-যাপন করছেন। তিনি তাদের চাকরি জাতীয়করণের বিষয়ে প্রধানমন্ত্রীর সুদৃষ্টি কামনা করেন।
মানবন্ধনে খুলনা বিভাগের সরকারি কলেজ মসজিদের ইমাম-মুয়াজ্জিন ও খাদেমরা অংশগ্রহন করেন।